

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো বেআইনি তৎপরতা চালাচ্ছে

● অভিযোগ খোদ ইউজিসি চেয়ারম্যানের

নিজস্ব বার্তা পরিবেশক, রাজশাহী

বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো দেশে বেআইনিভাবে জমির অপতৎপরতা চালিয়ে যাচ্ছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের যেসব শিক্ষক বেসরকারি বিশ্ববিদ্যালয়ে পঠনানুষ্ঠান করছেন, তারা মূলত বেসরকারি বিশ্ববিদ্যালয়ের বেআইনি কার্যক্রমকেই সহায়তা করছেন।

শনিবার রাজশাহী বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের এমবিএ ২য় ও ৩য় ব্যাচের সনদপত্র প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান প্রফেসর নজরুল ইসলাম এসব কথা বলেন।

বিশ্ববিদ্যালয় সিলেট ভবনে সকাল সাড়ে ১০টায় এ অনুষ্ঠানে বিশেষ অতিথি দিলেন।

চালাচ্ছে : পৃঃ ২ কঃ ৫

চালাচ্ছে : তৎপরতা

(১২ পৃষ্ঠার পর)

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন সদস্য প্রফেসর মো. তাজুল ইসলাম, রাবি উপ-উপাচার্য প্রফেসর ড. মামুনুল কেরামত ও বিজিএমইএ-র সাবেক সভাপতি মো. আনিসুল হক।

রাবি উপাচার্য প্রফেসর ড. মো. আলতাজ হোসেন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর মো. আখতার উম্মীন অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ও বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার প্রফেসর ড. মোহাম্মদ শাফী ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন চেয়ারম্যান তাঁর বক্তব্যে আরও বলেন, বিশ্বায়নের এই যুগে জ্ঞান ও মেধাই আজ ভীত পুঞ্জির স্থান দখল করে নিয়েছে। এখন যে কোন কাজে প্রয়োজনমুখী শিক্ষা ও অভিজ্ঞতা অন্যতম যোগ্যতা হিসেবে বিবেচিত হচ্ছে। আনুষ্ঠানিক শিক্ষার মাধ্যমে অর্জিত জ্ঞানের গুণগত মূল্য এবং অর্থনীতির সকল ক্ষেত্রে এর সহজলভ্যতা কোন প্রতিযোগিতায় একটি দেশের টিকে থাকার জন্য অপরিহার্য। সে ক্ষেত্রে ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট থেকে এমবিএ ডিগ্রি অর্জনকারীদের এক অন্যতম সম্পদ বলে তিনি উল্লেখ করেন।